ভোরের কাগজ


তারিখ ঃ
পৃষ্ঠা ৮০ কলাম ১

# আন্তর্জাতিক মাতৃভাষা দিব পুস্তিকা প্রকাশিত

'একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' শীর্ষক একটি পুস্তিকা সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রকাশিত হয়েছে। পুস্তিকাটিতে ভাষা আন্দোলনের সংক্ষিপ্ত ইতিহাস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণার পটভূমি, বাংলাদেশের বিভিন্ন জাতিসত্তার ভাষা এবং বিশ্বের ভাষা পরিস্থিতিসহ মোট পাঁচটি তথ্যমূলক প্রবন্ধ সংযোজিত হয়েছে। প্রবন্ধগুলো লিখেছেন মফিদুল হক, ড. মোহাম্মদ হাননান, ড. রাজীব হুমায়ুন, এ জেড এম আব্দুল আলী এবং ড. এ কে এম খায়রুল আলম।

শিক্ষা মন্ত্রণালয়ের আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণার ডকুমেন্টেশন পুস্তিকা তৈরির উপদেষ্টা কমিটি এটি সম্পাদনা করেছেন। কমিটির সভাপতি হিসেবে রয়েছেন শিক্ষা সচিব ড. সা'দত হুসাইন এবং সদস্য সচিব ড. মোহাম্মদ হাননান। কমিটির অন্য সদস্যরা হলেন প্রফেসর ড. আনিসুজ্জামান, প্রফেসর মমতাজ উদ্দিন আহমদ, মফিদুল হক, এনসিটিবির চেয়ারম্যান ড. তপন কান্তি চৌধুরী, যুগ্ম সচিব (উন্নয়ন) মোঃ নজরুল ইসলাম, উপসচিব (উন্নয়ন) আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের প্রকল্প পরিচালক ড. এ কে এম খায়রুল আলম।

পুস্তিকাটির মূল্য রাখা হয়েছে ২০ টাকা এবং এনসিটিবি এর প্রকাশনা ও বিক্রয়ের দায়িত্ব পালন করছে।




বের করার বিষয়টি এখন প্রক্রি
রয়েছে। ১৯৯৯ সালে একুশে ফেব্
আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা
এ রকম একটি তথ্যমূলক পুস্তিকা
করার জন্য সর্বমহল থেকে অনুরোধ